

তারিখ: ২৬/০১/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে (ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions) অনলাইন প্রাথমিক আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। অনলাইন প্রাথমিক আবেদন ফরম সংগ্রহের সময়সীমা : আগামী ২৬/০১/২০২৬ হতে ১৯/০২/২০২৬ খ্রি.

২। আবেদনের যোগ্যতা:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- (খ) ২০১৯ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- (গ) উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র পঠিত বিষয়ে আবেদন করতে পারবে।
- (ঘ) অন্য কোন শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত থাকলে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে অঙ্গীকারনাম স্ক্যান করে আপলোড করতে হবে।

৩। প্রাথমিক আবেদনের জন্য করণীয়:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করে চাহিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- (খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
- (গ) সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি দিয়ে Submit, অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।
- (ঘ) আবেদনকারীকে প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। প্রাথমিক আবেদন ফি জমাদান:

আগামী ২৬/০১/২০২৬ হতে ১৯/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> এ Login করে আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে।

User Name: rangamatistudent এবং Password: rangamatistudent

- (ক) Apply for Application Form এর Select application group থেকে Admission Masters, NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।
- (খ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session এ 2023-2024 এন্ট্রি দিতে হবে এবং Class Roll/Admission Roll এ NU Admission Roll এন্ট্রি দিতে হবে। তারপর Connect Sonali Pay ক্লিক করতে হবে।
- (গ) Sonali Payment Gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।
- (ঘ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

(প্রফেসর মোহাম্মদ নাসিফুল হক)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা
২৬/০১/২৬

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান, ----- বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল।
- ৬। সংরক্ষণ নথি।